বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/ ১২৬

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০১ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: পুঁজিবাজারে তালিকাভুক্ত জেড ক্যাটাগরির কোম্পানিসমূহ এবং যেসকল কোম্পানিতে স্পন্সর ও ডিরেক্টরদের যৌথভাবে ৩০ শতাংশের নিচে শেয়ার হোল্ডিং বিদ্যমান সেসকল কোম্পানি 'কর্পোরেট গভার্নেন্স কোড, ২০১৮' পরিপালন করে স্বতন্ত্র পরিচালক নিয়োগ সংক্রান্ত স্পষ্টীকরণ প্রসঙ্গে।**

গত ২৭/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত বিএসইসি'র ৯৫৭ তম কমিশন সভার সিদ্ধান্ত হিসেবে "পুঁজিবাজারে তালিকাভুক্ত জেড ক্যাটাগরির কোম্পানিসমূহ এবং যেসকল কোম্পানিতে স্পন্সর ও ডিরেক্টরদের যৌথভাবে ৩০ শতাংশের নিচে শেয়ার হোল্ডিং বিদ্যমান সেসকল কোম্পানি 'কর্পোরেট গভার্নেন্স কোড, ২০১৮' পরিপালন করে স্বতন্ত্র পরিচালক নিয়োগের ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।" মর্মে প্রেস বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছিল।

কিন্তু বিভিন্ন গণমাধ্যমে উক্ত বিষয়টিতে প্রচারিত সংবাদে অস্পষ্টতা বা বিভ্রান্তি পরিলক্ষিত হয়েছে। এ প্রেক্ষিতে কমিশনের উক্ত সিদ্ধান্তটির স্পষ্টীকরণ নিম্নরূপ:

পুঁজিবাজারে তালিকাভুক্ত জেড ক্যাটাগরির কোম্পানিসমূহ এবং যেসকল কোম্পানিতে স্পন্সর ও ডিরেক্টরদের যৌথভাবে ৩০ শতাংশের নিচে শেয়ার হোল্ডিং বিদ্যমান সেসকল কোম্পানি কর্তৃক 'কর্পোরেট গভার্নেন্স কোড, ২০১৮' পরিপালন করে স্বতন্ত্র পরিচালক নিয়োগের ব্যবস্থা গৃহীত হবে। অর্থ্যাৎ, 'কর্পোরেট গভার্নেন্স কোড, ২০১৮' এর বিধান মতে কোম্পানির নমিনেশন ও রেমুনারেশন কমিটি স্বতন্ত্র পরিচালকের ফিট অ্যান্ড প্রপার ক্রাইটেরিয়া বিবেচনায় নিয়ে স্বতন্ত্র পরিচালক নিয়োগের জন্য কোম্পানির বোর্ড অব ডিরেক্টরস বরাবর সুপারিশ পেশ করবে। অতঃপর, কোম্পানি সংশ্লিষ্ট স্বতন্ত্র পরিচালক নিয়োগের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ (বিএসইসি এবং প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক) এর সম্মতির জন্য প্রেরণ করবে। কর্তৃপক্ষের সম্মতি সাপেক্ষে কোম্পানির বোর্ড অব ডিরেক্টরসই স্বতন্ত্র পরিচালক নিয়োগ করবে। পরবর্তীতে সাধারণ শেয়ারহোল্ডারদের বার্ষিক সাধারণ সভায় স্বতন্ত্র পরিচালক নিয়োগের অনুমোদন গ্রহণ করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

02/06/2025

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র